মেহেরপুরে ২ টি ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বর পদের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ

মেহেরপুর জেলার দুইটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও তিনটি ওয়ার্ডের সদস্য (মেম্বর) পদের উপনির্বাচনের প্রার্থীদের মধ্যে প্রতিক বরাদ্দ দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (১১ জুলাই) দুপুরের দিকে জেলা নির্বাচন অফিস মিলনায়তনে আমঝুপি ও শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বর, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ২ নং ওয়ার্ডের সদস্য, মোনাখালি ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের মেম্বর ও গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন পরিষদের উপনির্বাচনের ৪ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থীর মাঝে প্রতীক বরাদ্দ দেয়া হয়েছে।

জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ ওয়ালীউল্লাহ সদর উপজেলার আমঝুপি ও শ্যামপুর ইউনিয়ন পরিষদ উপনির্বাচনের চেয়ারম্যান প্রার্থীদের মাঝে, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসার শেখ তানভীর জামান মহাজনপুর ইউনিয়ন পরিষদ উপনির্বাচন, মোনাখালি ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের মেম্বর উপনির্বাচন এবং গাংনী উপজেলা নির্বাচন অফিসার কামরুল হাসান কাথুলি ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ড উপনির্বাচনের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেন।

এসময় সদর উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী উপস্থিত ছিলেন।

আমঝুপি ইউনিয়ন পরিষদের উপনির্বাচনে চেয়ারম্যান পদে সাবেক চেয়ারম্যান মরহুম বোরহান উদ্দিন আহমেদ চুন্নুর জ্যেষ্ঠ পুত্র সেলিম রেজা (মোটরসাইকেল), শরিফুল ইসলাম (টেবিল ফ্যান), শফিকুল ইসলাম (ঘোড়া), রেবেকা খাতুন (আনারস) এবং সোহেল রানা (চশমা) প্রতিক লাভ করেন।

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান পদের উপনির্বাচনে

জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন (আনারস), নুরুল ইসলাম (মোটরসাইকেল), আবুল বাসার (চশমা) ও শহিদুল ইসলাম(ঘোড়া) প্রতিক পান। একই উপজেলার মোনাখালী ইউনিয়নের সদস্য পদের উপনির্বাচনে তাহাজ উদ্দিন (টিউবওয়েল), মোহাম্মদ মিজানুর রহমান (তালা), মোঃ দুল্লুপ হোসেন (ফুটবল) প্রতীক লাভ করেন।

নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদ ২ নং ওয়ার্ডের উপনির্বাচনে সদস্য পদের সদস্য প্রার্থী মামলত হোসেন (তালা), মোয়াজ্জেম হোসেন (ফুটবল), মিকাইল ইসলাম (টিউবওয়েল) এবং রবিউল ইসলাম (মোরগ) প্রতিক লাভ করেছেন।

গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ডে সদস্য পদের উপনির্বাচনে সাবেক মেম্বর আবুল কালাম আজাদ (তালা), মো: নুর হক (টিউবওয়েল), মো: বিশারুল ইসলাম (মোরগ), মো: রাজু আহমেদ (ফুটবল) ও মো: লাল্টু হোসেন (বৈদ্যতিক পাখা) প্রতিক লাভ করেন ।

সদর উপজেলার আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্দে চুন্নুর মৃত্যু মুজিবনগর উপজেলার ষষ্ঠ উপজেলা নির্বাচনে অংশ নিতে মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ থেকে পদত্যাগ, এবং তিনটি ওয়ার্ডের সদস্য মৃত্যুজনিত কারণে পদ শূন্য ঘোষণা করে নির্বাচন কমিশন।

আগামী ২৭ জুলাই উপ নির্বাচনে অনুষ্ঠিত হবে।

গাংনী উপজেলা নির্বাচনের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ

দ্বিতীয় ধাপের উপজেলা পরিষদ নির্বাচনে মেহেরপুরের গাংনী উপজেলার ১৪ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ মে) দুপুরে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে

রিটার্নিং কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা প্রশাসক তানভীর রুম্মন আহমেদ প্রতীক বরাদ্দ করেন।

এ সময় চেয়ারম্যান পদে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বর্তমান চেয়ারম্যান এম এ খালেক-আনারস, যুগ্ম সাধারণ সম্পাদক একেএম শফিকুল আলম-কাপ পিরিচ, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো-কৈই মাছ, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল-হেলিকপ্টার, উপজেলা মহিলা আওয়ামী লীগের আহ্বায়ক লায়লা আরজমান বানু -দোয়াত কলম, আওয়ামী লীগ নেতা রাশেদুল ইসলাম জুয়েল-ঘোড়া, উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন-মোটরসাইকেল ও আওয়ামী লীগ কর্মী মুকুল আহমেদ-শালিক পাখি।

ভাই চেয়ারম্যান পদে জেলা স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি দেলোয়ার হোসেন মিঠু-তালা, আওয়ামী লীগ নেতা ফারুক হোসেন-টিউবওয়েল এবং স্বেচ্ছাসেবক লীগ নেতা রেজাউল করিম-চশমা প্রতিক পেয়েছেন।

মহিলা ভাইস চেয়ারম্যান পদে বর্তমান মহিলা ভাইস চেয়ারম্যান এবং যুব মহিলা লীগ নেত্রী ফারহানা ইয়াসমিন-হাঁস, নাসিমা খাতুন-ফুটবল এবং জাকিয়া আক্তার আলপনা-কলস প্রতীক পেয়েছেন।

চেয়ারম্যান পদে একই প্রার্থী একই প্রতীক দাবি করায় লটারির মাধ্যমে প্রতীক নির্ধারণ করা হয়।

প্রসঙ্গত, গাংনী উপজেলা পরিষদের এই নির্বাচনে চেয়ারম্যান পদে ৮ জন, ভাইস চেয়ারম্যান পদে ৩ জন এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জনসহ মোট ১৪ প্রার্থী প্রতীক নিয়ে আজ থেকে মাঠে লড়বেন। এর মধ্যে চেয়ারম্যান পদে শুধুমাত্র জুলফিকার আলী ভুট্টো বিএনপি নেতা। বাকি ১৩ জন প্রার্থী আওয়ামী লীগ এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মী।

মেহেরপুর সদর ও মুজিবনগর

[redacted]

[redacted]

[redacted]

[